37

…নিক ইত্তেফাক

তারিখ 22 APR 1996

পৃষ্ঠা ৭৭ কলাম ৮

# ছাত্রদের হামলায় ইসলামী ভার্সিটির শিক্ষক আহত

ইসলামী বিশ্ব বিদ্যালয় সংবাদদাতা ।। গত শনিবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে পরিবহন সংখ্যা বৃদ্ধির দাবীতে আন্দোলনরত ছাত্রদের হামলায় বিশ্ববিদ্যালয়ের পরিবহন প্রশাসকের দায়িত্বে নিয়োজিত হিসাব বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোঃ শাহজাহান আলী গুরুতরভাবে আহত হইয়াছেন। এই ঘটনার প্রতিবাদে ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক সভায় ১৫ই মে পর্যন্ত কর্মবিরতি পালন এবং এই সময়ের মধ্যে দোষী ছাত্রদের শাস্তি না দিলে ১৬ই মে হইতে প্রশাসনিক দায়িত্বে নিয়োজিত শিক্ষকগণ একযোগে পদত্যাগের সিদ্ধান্ত নিয়াছেন।

ঘটনার তদন্তের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ কামাল উদ্দিনকে আহ্বায়ক করিয়া তিন সদস্যের কমিটি গঠন করিয়াছে। কমিটিকে ২৩ এপ্রিলের মধ্যে তদন্ত রিপোর্ট জমা দিতে বলা হইয়াছে।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের পরিবহন বিভাগের অধিকাংশ কর্মকর্তার বিরুদ্ধে ব্যাপক অনিয়ম, দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগ রহিয়াছে।